গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১২.২২-২৩৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

**বিষয়: খুলনা সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত ০২ টি কোম্পানীর প্রকল্প প্রস্তাব পর্যালোচনার জন্য মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কমিটির আহ্বায়ক ও অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** সভার কার্যবিবরণী ০২ পৃষ্ঠা।

১২.০৩.২০২৩


শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৭৭
ই-মেইল:
urbandevelopment2@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা,
খুলনা সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১২.২২-২৩৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রতিনিধি, Shanghai SUS Environment Co. Ltd.
৫। প্রতিনিধি, Gurdian Network.
৬। ব্যক্তিগত কর্মকর্তা, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ।

১২.০৩.২০২৩


শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: খুলনা সিটি কর্পোরেশনের বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে দাখিলকৃত প্রস্তাব মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৬ ফেব্রুয়ারি, ২০২৩, বিকেল ৩.০০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-২ শাখার সিনিয়র সহকারী সচিব জনাব শাফিয়া আক্তার শিমু-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। জনাব শাফিয়া আক্তার শিমু সভাকে জানান যে, খুলনা সিটি কর্পোরেশনের বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ০৩ টি প্রতিষ্ঠান প্রস্তাব দাখিল করেন এবং প্রস্তাবসমূহ প্রাথমিকভাবে সিটি কর্পোরেশন পর্যায়ে যাচাই-বাছাই করা হয়। উক্ত প্রস্তাবসমূহ বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য স্থানীয় সরকার বিভাগের বিদ্যমান কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের লক্ষ্যে এ সভা আহবান করা হয়। এ পর্যায়ে বর্ণিত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে 6 Elements এর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উপস্থিত ২টি প্রতিষ্ঠানের প্রতিনিধিকে তাদের প্রস্তাবনার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হয়। উপস্থাপনায় প্রতিষ্ঠানসমূহের দাখিলকৃত প্রস্তাবনার নিম্নবর্ণিত উল্লেখযোগ্য বৈশিষ্টসমূহ চিহ্নিত করা হয়:

৩। Shanghai SUS Environment Co. Ltd.

- প্ল্যান্ট স্থাপনের জন্য ২৯.৭ একর জমির প্রয়োজন।
- প্রস্তাবিত প্ল্যান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৮০০ মে. টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১২ মেগাওয়াট।
- এক্ষেত্রে খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, সিটি কর্পোরেশন হতে বর্তমানে ৪০০ মে. টন বর্জ্য সরবরাহ করার সক্ষমতা রয়েছে।
- কোম্পানী নিজস্ব জনবলের মাধ্যমে বর্জ্য সংগ্রহ করবে।

৪। Guardian Network

- প্ল্যান্ট স্থাপনের জন্য ২১ একর জমির প্রয়োজন।
- প্রস্তাবিত প্লান্টের দৈনিক বর্জ্য পোড়ানোর ক্ষমতা ৫০০-১৫০০ মে. টন।
- ঘন্টায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৪০-৪৫ মেগাওয়াট।
- সিটি কর্পোরেশনের নিজস্ব জনবলের মাধ্যমে বর্জ্য সংগ্রহ করা হবে। কিন্তু খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এ বিষয়ে একমত প্রকাশ করেননি।

**৫। পর্যালোচনা:**

Shanghai SUS Environment Co. Ltd. এবং Guardian Network কর্তৃক দাখিলকৃত প্রস্তাব দু'টিতে প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি খুলনা সিটি কর্পোরেশনের সহায়তায় ইজারা নেওয়া হবে মর্মে উল্লেখ রয়েছে। তবে খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধি সভায় এ বিষয়ে কোন সুস্পষ্ট মতামত দেননি। এছাড়া বর্জ্য সরবরাহের বিষয়েও খুলনা সিটি কর্পোরেশন হতে সুস্পষ্ট কোন তথ্য পাওয়া যায়নি।

**৬। সিদ্ধান্ত**

সার্বিক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১। Shanghai SUS Environment Co. Ltd. এবং Guardian Network কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের বিষয়ে খুলনা সিটি কর্পোরেশনের সাথে চূড়ান্তভাবে আলোচনা করে কে কিভাবে প্ল্যান্ট স্থাপনের জন্য জমি সংস্থান ও বর্জ্য সরবরাহ নিশ্চিত করবে তা উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাব পুনরায় খুলনা সিটি কর্পোরেশন-এর মাধ্যমে এ বিভাগে প্রেরণ করবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২৮/০২/২০২৩খ্রি:
(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব(নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং: ৪৬.০০.০০০০.১০৭.১৪.০১২.২২-**২৩২**

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৩। উপসচিব (সিটি কর্পোরেশন-১/২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৫। প্রতিনিধি, Shanghai SUS Environment Co. Ltd.
৬। প্রতিনিধি, Gurdian Network.
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

১২-০৩-২০২৩
শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandevelopment2@lgd.gov.bd